দৈনিক
ইত্তেফাক

তারিখ ·29· APR· 2016 ... ...
পৃষ্ঠা ...২৪... কলাম .... ৬......

# জাতীয় বিশ্ববিদ্যালয়

## গাজীপুর-১৭০৪

সূত্র : ১৬(৬৯৯) জাতী: বি:/ অন-ক্যাম্পাস মাস্টার্স/ ভর্তি/ ২০১৪/১/২৬৬৪ তারিখ : ২৮/০৪/২০১৬

## এম এ এস ও এডভান্সড এম বি এ (এম ফিল সমমান) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

**জাতীয় বিশ্ববিদ্যালয়ে ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে অন-ক্যাম্পাস মাস্টার অব এডভান্সড স্টাডিজ (MAS) ও এডভান্সড এম বি এ প্রোগ্রামে নিম্নবর্ণিত বিষয়সমূহে শিক্ষার্থী ভর্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :**

| গ্রুপ | বিষয় |
|---|---|
| আর্টস | বাংলা, ইতিহাস |
| সোশ্যাল সায়েন্স | সমাজবিজ্ঞান, অর্থনীতি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান |
| ন্যাচারাল সায়েন্স | কম্পিউটার সায়েন্স |
| বিজনেস স্টাডিজ | এডভান্সড এমবিএ<br>[একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস, ম্যানেজমেন্ট স্টাডিজ, মার্কেটিং, ফিন্যান্স এন্ড ব্যাংকিং] |

### ১. ভর্তির যোগ্যতা

ক) এম এ এস/ এডভান্সড এম বি এ প্রোগ্রামে ভর্তির ক্ষেত্রে জাতীয় বিশ্ববিদ্যালয় বা ইউজিসি কর্তৃক অনুমোদিত বাংলাদেশের যে কোন বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) ডিগ্রি থাকতে হবে। তবে ৩ বছর মেয়াদী অনার্সসহ মাস্টার্স ডিগ্রিধারী কলেজ শিক্ষকগণ এম এ এস/ এডভান্সড এম বি এ প্রোগ্রামে ভর্তির জন্য আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। সমমানের পরীক্ষায় পাশ করা দেশ-বিদেশের শিক্ষার্থীরা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত নিয়ম-কানুন ও শর্ত অনুযায়ী মাস্টার্স কোর্সে পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ক্যাম্পাসে ভর্তি হতে পারবে।

শিক্ষা জীবনে এস এস সি থেকে স্নাতক (সম্মান) ডিগ্রি পর্যন্ত অন্তত ১ টি প্রথম বিভাগ/ শ্রেণি ও অপর দু'টিতে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণি থাকতে হবে। **তবে মাস্টার্স ডিগ্রিধারীদের ক্ষেত্রে এস এস সি থেকে মাস্টার্স ডিগ্রি পর্যন্ত একটি প্রথম বিভাগ/ শ্রেণী থাকলে তারাও ভর্তির যোগ্য হবেন।**

**CGPA এর ক্ষেত্রে নিম্নরূপ নিয়ম অনুসরণ করা হবে :**

| এসএসসি/এইচএসসি বা সমমান | অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত জিপিএ এর ক্ষেত্রে অর্জিত সিজিপিএ | সমতুল্য শ্রেণি / বিভাগ |
|---|---|---|
| ৫.০০ স্কেল | ৪.০০ স্কেলে | |
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম |
| জিপিএ ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | জিপিএ ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | দ্বিতীয় |

(খ) বিশ্ববিদ্যালয়ের ভর্তির শর্তাবলি পূরণ করলে এবং সংশ্লিষ্ট বিষয়ে ভর্তি পরীক্ষায় কৃতকার্য হলে শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রস্তুতকৃত মেধা তালিকার ভিত্তিতে ভর্তি হতে পারবে।

### ২. রেজিস্ট্রেশন

(ক) বিশ্ববিদ্যালয়ের নিয়মানুযায়ী একজন শিক্ষার্থী পূর্ণকালীন শিক্ষার্থী হিসেবে কেবলমাত্র একটি কোর্সে/বিষয়ে ভর্তি হতে ও রেজিস্ট্রেশন করতে পারবে।

(খ) একজন শিক্ষার্থীকে সর্বোচ্চ ৩ (তিন) শিক্ষাবর্ষের মধ্যে এম এ এস / এডভান্সড এম বি এ ডিগ্রি অর্জন করতে হবে।

### ৩. প্রোগ্রামের মেয়াদ

সেমিস্টার পদ্ধতিতে থিসিসসহ অন-ক্যাম্পাস এম এ এস /এডভান্সড এম বি এ প্রোগ্রাম এর মেয়াদ হবে ১ বছর ৬ মাস যা ৩ সেমিস্টারে বিভক্ত।

### ৪. ফেলোশিপ সংক্রান্ত তথ্যাদি ও শর্তাবলী

বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজের শিক্ষকদের মধ্যে যারা এম এ এস/এডভান্সড এম বি এ প্রোগ্রামে ভর্তি হবেন তাদের প্রথম সেমিস্টার পরীক্ষার ফলাফলের ভিত্তিতে (ন্যূনতম জিপিএ ৩.০০ প্রাপ্তদের) প্রতি বিষয়ে ৩ (তিন) জনকে মাসিক ৩,০০০.০০ (তিন হাজার) টাকা হারে ১ বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে।

কলেজ শিক্ষকের বাইরে সাধারণ শিক্ষার্থীদের মধ্যে যারা প্রথম সেমিস্টার পরীক্ষায় জিপিএ ৩.৭ প্রাপ্ত হবেন তারাও বৃত্তির জন্য বিবেচিত হবেন।

### ৫. আবেদন ফরম পূরণ ও জমাদান

ক. আগ্রহী প্রার্থীদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nu.edu.bd) এর মাধ্যমে আগামী ০২/০৫/২০১৬ তারিখ থেকে ২৫/০৫/২০১৬ তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে।

খ. আবেদনের সময় প্রার্থীর পাসপোর্ট আকারের রঙিন ছবি অনলাইন আবেদনপত্রে আপলোড করতে হবে। ছবির মাপ 120 X 150 Pixels, Image Type: JPG এবং File Size: 50 KB (max.) আবেদন ফরম সফলভাবে পূরণ হলে প্রার্থীগণ একটি PIN নম্বর সম্বলিত ফরম প্রিন্ট করতে পারবেন।

গ. আগামী ২৬/০৫/২০১৬ তারিখ থেকে এই PIN ব্যবহার করে website থেকে সোনালী সেবার পে-স্লিপ ডাউনলোড করা যাবে। সোনালী ব্যাংকের যে কোন শাখায় ২৯/০৫/২০১৬ তারিখ বিকাল ৪:০০ টা পর্যন্ত পে-স্লিপ জমা দেয়া যাবে। উল্লেখ্য, আবেদন ফি এর হার শিক্ষার্থীপ্রতি ১,০০০/- (এক হাজার) টাকা।

ঘ. সোনালী সেবার টাকা জমা হলে website এ Student Login করে ৩০/০৫/২০১৬ তারিখ থেকে আবেদনপত্র Print করা যাবে।

ঙ. সাক্ষাৎকারের দিন আবেদনকারীকে সকল সনদের মূলকপি ও আবেদনপত্র সোনালী সেবার জমা স্লিপসহ স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্রের ডিন দপ্তরে উপস্থিত হতে হবে। সাক্ষাৎকার শেষে আবেদনপত্র ও সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

চ. ভর্তির সময় অবশ্যই বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগে মূল সনদ ও নম্বরপত্র প্রদর্শন করতে হবে। অন্যথায় আবেদনকারী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন।

### ৬. আবেদনের সময়সীমা ও ভর্তি কার্যক্রম

| | | |
|---|---|---|
| ক. | অনলাইনে আবেদন ফরম পূরণ | : ০২/০৫/২০১৬ থেকে ২৫/০৫/২০১৬ পর্যন্ত |
| খ. | সোনালী সেবা পে-স্লিপ ডাউন লোড ও ব্যাংকে জমা দেয়ার তারিখ | : ২৬/০৫/২০১৬ |
| গ. | ভর্তি পরীক্ষা/ সাক্ষাৎকার | : ০১/০৬/২০১৬ |
| ঘ. | ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা প্রকাশ | : ০৭/০৬/২০১৬ |
| ঙ. | ভর্তির তারিখ | : ০৮/০৬/২০১৬ থেকে ১৫/০৬/২০১৬ পর্যন্ত |
| চ. | ক্লাশ শুরুর তারিখ | : ১০/০৭/২০১৬ |

৭. নির্ধারিত সময়ের পর কোনক্রমেই আবেদন গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।

৮. বিশ্ববিদ্যালয়, কলেজ/ইনস্টিটিউট এর শিক্ষকদের স্বীয় প্রতিষ্ঠানের রেজিস্ট্রার/ অধ্যক্ষের মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে হবে। আবেদনের সময় প্রাথমিক অনুমতিপত্র জমা দিতে হবে। ভর্তির সময় সরকারী কলেজের শিক্ষকদের মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর /শিক্ষা মন্ত্রণালয়ের অনুমতি এবং বেসরকারী কলেজের শিক্ষকদের কলেজের গভর্নিং বডির অনুমতি লাগবে। চাকুরীরত অন্যান্য প্রার্থীদের ক্ষেত্রে বর্তমানে কর্মরত প্রতিষ্ঠান প্রধানের প্রাথমিক অনুমতি পত্র এবং ভর্তির সময় স্ব স্ব নিয়োগকর্তার চূড়ান্ত অনুমতি পত্র জমা দিতে হবে।

৯. ভর্তি বিজ্ঞপ্তির যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

বি.দ্র: ভর্তি বিজ্ঞপ্তি, অনলাইন আবেদন ফরম ও ভর্তি সংক্রান্ত সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.nu.edu.bd –এ পাওয়া যাবে। তাছাড়া সংশ্লিষ্ট একাডেমিক কমিটির সাথে নিম্নবর্ণিত নম্বরে যোগাযোগ করা যাবে।
আর্টস গ্রুপ- ০২-৯২৯২০৭২ অথবা ০১৭১৮-৪১১১০৯; সোশ্যাল সায়েন্স গ্রুপ-০১৯১১-০১০১৩০; ন্যাচারাল সায়েন্স গ্রুপ-০১৭৪২-৮৪৬৪১৪; লাইফ এন্ড আর্থ সায়েন্স গ্রুপ- ০২-৯২৯১০৮৯ অথবা ০১৭১২-০৭৬২৮০; বিজনেস স্টাডিজ গ্রুপ- ০২-৯২৯২০৯৪ অথবা ০১৯৮২-৬৯৯৭৮১ ( অফিস চলাকালীন )। কল সেন্টার : ০৯৬১৪-০১৬৪২৯

(প্রফেসর ড. মোঃ আনোয়ার হোসেন)
ডিন (ভারপ্রাপ্ত)
স্নাতকোত্তর শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা কেন্দ্র
জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪
ফোন : ০২-৯২৯১০৭৪

স-১২৬০ (১৫×৩)